



শোকবার্তা

বিশেষ জাতের উচ্চফলনশীল ধান 'হরিধান' এর উদ্ভাবক ও সফল কৃষক শ্রী হরিপদ কাপালি (৯৫) ০৫ জুলাই ২০১৭ রাত ১টার দিকে ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটি ইউনিয়নের আসাননগর গ্রামের নিজ বাড়িতে পরলোকগমন করেন।

হরিপদ কাপালী ১৯৯৬ সালে উদ্ভাবন করেন নতুন ধান, তার নামের সাথে মিল রেখেই নামকরণ করা হয় হরিধান। পরে এ ধানের চাষ পার্শ্ববর্তী জেলাগুলোতে ছড়িয়ে পড়ে। তিনি কৃষিতে অনন্য অবদানের জন্য পেয়েছেন বিভিন্ন পর্যায়ের পুরস্কার ও সম্মাননা।

শ্রী হরিপদ কাপালি ছিলেন অত্যন্ত নম্র ভদ্র বিনয়ী, সাদা মনের সৃজনশীল আদর্শ কৃষক। গবেষণা পদ্ধতিতে প্রাতিষ্ঠানিকভাবে প্রশিক্ষিত না হয়েও তিনি নিজ উদ্যোগে ও সৃষ্টিশীল মননে ধানের একটি বিশেষ জাতের উদ্ভাবন করেন।

তার উদ্ভাবনী দৃষ্টান্ত দেখে অনেকেই অনুপ্রাণিত হয়ে নতুন উদ্ভাবনে এগিয়ে আসবেন এবং দেশের কৃষি উন্নয়ন ও সমৃদ্ধিতে অবদান রাখবেন। তাকে অনুসরণ করে আরও অনেকে নতুন সৃষ্টিশীল কৃষি কাজে এগিয়ে আসবেন বলে আমাদের প্রত্যাশা।

তার প্রয়াণে কৃষি মন্ত্রণালয় গভীর শোক প্রকাশ করছে এবং আত্মার শান্তি কামনাসহ শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।



কৃষি মন্ত্রণালয়